

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহন সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস, ইউএলও , পাইকগাছা, খুলনা।

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর , প্রশিক্ষণ হল রুম।

তারিখ : ১৪/১২/২০২২ইং

সময় : সকাল ১১.০০ ঘটিকায়

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতপর স্টক হোল্ডারদের ভেতর থেকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে কিছু বলার জন্য অনুরোধ করেন।

সভায় সুবল চন্দ্র দাশ বলেন আমরা পূর্বের সিধান্ত মোতাবেক কাজ করে যাচ্ছি। রিমোট এলাকার লোক যাতে টিকাদান এবং চিকিৎসার আওতায় আসে সে ব্যাপারে আমরা সবাই একসাথে কাজ করে যাচ্ছি।

সভায় উপস্থিত সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেওয়া হল।

সভায় সৈনিক রায় বলেন প্রাণিসম্পদ অফিসের লোকবল কম। তার পরেও সকল এলাকায় যাতে করে সমভাবে টিকা প্রদান করা যায় তার জন্যে সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সভাপতি মহোদয় সকল এলাকায় যাতে করে সমভাবে টিকা প্রদান করা যায় সে ব্যাপারে আশ্বাস দেন। সভাপতি মহোদয় সকল সিল, এলএসপি এবং এআই টেকনিশিয়ানদের উদ্দেশ্য করে বলেন টিকাদান, চিকিৎসা প্রদান এবং কৃত্রিম প্রজননের ক্ষেত্রে সরকারি নির্দেশনা মোতাবেক ফি নেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন সরকারি নির্দেশনার বাহিরে কৃত্রিম প্রজনন ফি বেশী নেওয়া যাবে না।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
পাইকগাছা, খুলনা।